আইসিটি-২ শাখা
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
তারিখঃ ১৫/৬/22
ডায়রী নং- ৪০৬০
এআইজি আইসিটি-২
অতিঃ এসপি (আইসিটি-২)
এএসপি (আইসিটি-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স
বাড়ি নং-০৩, রোড নং-২১ (১৫), সেক্টর-০৪, উত্তরা, ঢাকা

স্মারক নং- ইন্ডাঃ পুলিশ হেডকোঃ/২০২২/প্রশাসন/ ২৯৮২ তারিখ- ১৬ /০৬/২০২২ খ্রিঃ।

বিষয় ঃ ইন্ডাস্ট্রিয়াল পুলিশের ৩য় শ্রেণীর নন-পুলিশ কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি ও ফরম ওয়েব সাইটে আপলোডকরণ প্রসঙ্গে।

সূত্র ঃ ১। স্বরাষ্ট্র মন্ত্রনালয় স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৪.২১-৩৫৮ তারিখ-২৮/১১/২০২১ খ্রিঃ
২। পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৮.০৫৯.২০২১-০৫ তারিখ-০৪/০১/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ এর ৩য় শ্রেণীর নন-পুলিশ কর্মচারীর ক্যাশিয়ার পদে নিয়োগের নিমিত্ত এতদ্‌সঙ্গে সংযুক্ত বিজ্ঞপ্তি ও চাকরির আবেদন ফরম নিজস্ব ওয়েবসাইটে আপলোড করে অত্রাফিসকে অবগত করার জন্য অনুরোধ করা হ'ল।

১৬/৬/২২
(উত্তম কুমার পাল পিপিএম)
বিপি নং-৭৩০৩০২৭৮০২
পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)
(অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি প্রাপ্ত)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পক্ষে/অতিরিক্ত আইজিপি
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা।

সংযুক্ত ঃ ১। বিজ্ঞপ্তি-০১ (এক) পাতা।
২। চাকরির আবেদন ফরম-০১ (এক)

কার্যার্থে ঃ

১। অতিরিক্ত ডিআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২। ইনচার্জ, আইসিটি, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা।

অনুলিপি ঃ

১। অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা।
২। এআইজি (প্রশাসন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স
বাড়ি নং-০৩, রোড নং-২১ (১৫), সেক্টর-০৪, উত্তরা, ঢাকা

স্মারক নং- ইন্ডাঃ পুলিশ হেডকোঃ/২০২২/প্রশাসন/২৯৭৯ তারিখ-১৩/০৬/২০২২ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রনালয় স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৪.২১-৩৫৮ তারিখ-২৮/১১/২০২১ খ্রিঃ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৮.০৫৯.২০২১-০৫ তারিখ-০৪/০১/২০২২ খ্রিঃ এবং বিভাগীয় নির্বাচন কমিটি, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স এ গত ০১/০৩/২০২২ খ্রিঃ তারিখের ইন্ডাঃ পুঃ হেডকোঃ/২০২২/প্রশাসন/১১৮৫ (২) নং স্মারকে অনুমোদনপ্রাপ্ত হয়ে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স এর অধীনে নিম্ন বর্ণিত শূণ্য পদে সরাসরি জনবল (রাজস্ব খাতে) নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে বাংলাদেশের নাগরিক এর নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল ও পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল ঃ ৯৩০০-২২৪৯০/-<br>পদের সংখ্যা-০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে বাণিজ্য বা ব্যবসায় শিক্ষা বিভাগে দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন। | ঢাকা, গাজীপুর, মাদারীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, ব্রাহ্মণবাড়িয়া, নাটোর, কুঁড়িগ্রাম, মাগুরা | এতিম ও শারিরীক প্রতিবন্ধী প্রার্থীগণ সকল জেলা হতে আবেদন করতে পারবেন। |

### শর্তাবলী

১. চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রার্থী কর্তৃক পূরণ করে নিজ স্বাক্ষরে আবেদন করতে হবে। আবেদন ফরমটি বাংলাদেশ পুলিশের (www.police.gov.bd), ইন্ডাস্ট্রিয়াল পুলিশের (iphq.police.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
২. আবেদন ফরমে ০১/০৬/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে এবং উক্ত তারিখে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারিরীক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩২ বছর; সাধারণ কোটা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা, এতিম ও অন্যান্য বিশেষ কোটার প্রার্থীদের বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছর হতে হবে।
৩. আবেদনপত্র আগামী ১৭/০৭/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, বাড়ি নং-০৩, রোড নং-২১(১৫), সেক্টর-০৪, উত্তরা, ঢাকা বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।
৪. আবেদনপত্র এর সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ৫×৫ সে.মি. সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি, আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত ১০×৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম দিতে হবে। এছাড়া পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে **অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, বাড়ি নং-০৩, রোড নং-২১(১৫), সেক্টর-০৪, উত্তরা, ঢাকা বরাবর কোড নং-১-২২১১-০০০০-২০৩১** তে ক্রমিক নং-১ এ বর্ণিত পদের জন্য ১০০/-(একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫. আবেদনপত্রের সাথে কোন প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংযুক্ত করা যাবে না। তবে মৌখিক পরীক্ষার সময়ে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদসহ বিশেষ কোটার স্বপক্ষের সনদ ইত্যাদির মূল সনদ এবং সকল সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।
৬. আবেদনপত্রের খামের বাম পার্শ্বে উপরে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
৭. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
৮. অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র বা আবেদনপত্রের সাথে কোন প্রকার সুপারিশ লিপিবদ্ধ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৯. আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।
১০. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১১. এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৩. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩/৬/২২

(উত্তম কুমার পাল পিপিএম)
বিপি নং-৭৩০৩০২৭৮০২
পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)
(অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি প্রাপ্ত)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পক্ষে/অতিরিক্ত আইজিপি
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা।

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি<br>সাইজের ছবি<br>সম্প্রতি তোলা<br>০৩ কপি

বরাবর,

অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল
বাংলাদেশ পুলিশ
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স
বাড়ি নং-০৩, রোড নং-২১(১৫), সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | পদের নাম ঃ | | | | | | | | | | |
| ০২. | বিজ্ঞপ্তি নম্বর ঃ | তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ০৩. | প্রার্থীর নাম | বাংলায় ঃ | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) ঃ | | | | | | | | | |
| ০৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর ঃ / জন্ম নিবন্ধন নম্বর ঃ | (যে কোন একটি) | | | | | | | | | |
| ০৫. | জন্ম তারিখ ঃ | | | | | | | | | | |
| ০৬. | জন্মস্থান (জেলা) ঃ | | | | | | | | | | |
| ০৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | বছর | মাস | দিন | | | | | | | |
| ০৮. | মাতার নাম ঃ | | | | | | | | | | |
| ০৯. | পিতা/স্বামীর নাম ঃ | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বার) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোষ্টকোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা ঃ | | |
| ১৩. | ধর্ম ঃ | | |
| ১৪. | জেন্ডার ঃ | | |
| ১৫. | পেশা ঃ | | |

১৬. শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যা/পুত্র কণ্যার পুত্র-কণ্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ | | | তারিখ ঃ- |
| | ব্যাংক ও শাখার নাম ঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর